গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

**বিষয়ঃবাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি) এবং ইনোভেশান অফিসার, বাংলাদেশ রেলওয়ে।
তারিখঃ ২১.০৬.২০২১ খ্রিঃ
সময়ঃ বিকাল ৩:০০ ঘটিকা
স্থান: কক্ষ নং-৩০২, রেলভবন, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'।

০১.০০। সভাপতি প্রথমেই সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । সভার শুরুতেই বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমে একজন সদস্য-সচিব মনোনয়ন প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। গত ৩১ জানুয়ারি, ২০১৯ তারিখে সচিব, রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিম পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত টিমে সদস্য সচিব হিসেবে কোন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়নি। বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমে সদস্য সচিব হিসেবে ডিডি (টেলিকম)-এর নাম প্রস্তাব করা হলে সভায় উপস্থিত সকলে সম্মতি প্রদান করেন।

২.০০। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এসপিএলও-১ কার্যপত্র মোতাবেক সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ মোতাবেক কার্যক্রম [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, [১.২] সেবা সহজিকরণ এবং [১.৩] সেবা ডিজিটাইজেশন যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে অর্থবছরের প্রারম্ভেই কার্যক্রম শুরু করার উপর গুরুত্ব আরোপ করা হয়। এক্ষেত্রে মাঠ পর্যায় থেকেও উদ্ভাবনী ধারণা আহবানের উপর বিস্তারিত আলোচনা হয়। | অর্থবছরের প্রারম্ভেই ইনোভেশন টিমের সদস্যগণ হতে এবং মাঠ পর্যায় হতে উদ্ভাবনী ধারণা আহবান করা যেতে পারে। | ইনোভেশন অফিসার |
| ২.২ | বাংলাদেশ রেলওয়ের ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণের লক্ষ্যে শুধু সিএসটিই (টেলিকম) দপ্তরই নয় সকল দপ্তরের সমন্বিত প্রচেষ্টার উপর গুরুত্ব আরোপ করা হয়। | দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। | ইনোভেশন টিম |
| ২.৩ | কার্যক্রম [১.৪] মোতাবেক ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা কর্মপরিকল্পনা মোতাবেক ৩০ আগস্ট, ২০২১ এর মধ্যেই সভা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করা হয়। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে জুলাই মাসের শেষ সপ্তাহ অথবা আগস্ট মাসের ১ম সপ্তাহের মধ্যেই সভা আয়োজনের ক্ষেত্রে সকলে একমত পোষণ করেন। | জুলাই মাসের শেষ সপ্তাহ অথবা আগস্ট মাসের ১ম সপ্তাহের মধ্যে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার |
| ২.৪ | কার্যক্রম [১.৬] মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভা/কর্মশালার বিষয়ের গুরুত্ব ও গভীরতা অনুধাবনপূর্বক a2i হতে বিশেষজ্ঞ প্রশিক্ষক নিয়োগ প্রদান করার বিষয়ে | ২০২১-২২ অর্থবছরের প্রথম ষাণ্মাসিকে একটি এবং ২য় ষাণ্মাসিকে আরেকটি সভা/ কর্মশালা আয়োজন করতে হবে। সভা/কর্মশালায় প্রশিক্ষক হিসেবে | ইনোভেশন টিম |

| | | | |
|---|---|---|---|
| | উপস্থিত সকলে একমত পোষণ করেন। | a2i হতে বিশেষজ্ঞ প্রশিক্ষক নিয়োগ প্রদানের লক্ষ্যে প্রথম থেকেই যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২.৫ | কর্মসম্পাদন সূচক "[২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত" এবং "[২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত" বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের আইসিটি টিমের কাছে যথা সময়ে সকল তথ্য সরবরাহকরণের উপর বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের সদস্যগণ নিজ বিভাগ সংশ্লিষ্ট প্রকাশনা ও তথ্যাদি সরবরাহের মধ্যমে তথ্য বাতায়নে প্রকাশের লক্ষ্যে আইসিটি টিমকে সহায়তা প্রদান করবে। | ইনোভেশন টিম |
| ২.৬ | কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় নিশ্চিতকরণ এবং কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন বিষয়ক বিস্তারিত আলোচনা হয়। | প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা এবং ১টি করে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ এবং কর্মশালা আয়োজনসহ ই-গভন্যান্স কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ইনোভেশন অফিসার |
| ২.৭ | কর্মসম্পাদন সূচক [২.২.৫] মোতাবেক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্যোগ পরিদর্শনের ক্ষেত্রে Covid-19 সহ সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সার্বিক পরিস্থিতি বিবেচনা পূর্বক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার |

৩। পরিশেষে, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অর্জনে সকলের স্বপ্রণোদিত ও আন্তরিক অংশগ্রহণের আহবান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০.০৮.২১

(এ কে এম আব্দুল্লাহ আল বাকী)
অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)
এবং ইনোভেশন অফিসার
বাংলাদেশ রেলওয়ে।

# বাংলাদেশ রেলওয়ে

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ‘ইনোভেশন কমিটি’র সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা।

তারিখঃ ২১/০৬/২০২১।

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | রাশীদা সুলতানা গনি<br>ADG/op | 01711506118 | 21/06/21 |
| ২ | আকতারুন্নেসা বিনতে ইসলাম | 01711506119. | 21/6/21 |
| ৩ | রেজওয়ানুর হোসেন<br>DD/Telecom | 01711692916 | 21.06.21 |
| ৪ | | | |
| ৫ | Naznin<br>SPO 1 | 01711692967 | 21.06.21. |
| ৬ | | | |
| ৭ | | | |